

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিপি-৪ শাখা  
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.১৯৫.০৫.০০২.২২.১

তারিখ: ১ মাঘ ১৪২৯

১৫ জানুয়ারি ২০২৩


বিজ্ঞপ্তি

বিষয়: ‘প্রশিক্ষক পুল গঠন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২২’ এর আলোকে প্রশিক্ষক পুলে অর্ন্তভুক্তির জন্য আবেদন আহ্বান।

‘প্রশিক্ষক পুল গঠন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২২’ অনুসরণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের জন্য যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষক তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী কর্মকর্তাগণের নিকট হতে নিম্নোক্ত যোগ্যতা ও শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে:

যোগ্যতা ও শর্তসমূহ:

- (ক) সরকারি চাকরিজীবীদের মধ্য হতে ৯ম গ্রেড থেকে ২য় গ্রেড পর্যন্ত কর্মকর্তা এবং এ সকল গ্রেডের আগ্রহী অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তাগণ প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন।
- (খ) গ্রেড-১ এবং তদুর্ধ্ব পর্যায়ের বিশেষায়িত জ্ঞানসম্পন্ন স্বনামধন্য অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের সম্মতি সাপেক্ষে তাঁদেরকেও প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত করা হবে। এরূপ আগ্রহী অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ ই-মেইলে (cp4@mopa.gov.bd) তাঁদের সম্মতি জ্ঞাপন করতে পারবেন।
- (গ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুষদ সদস্যগণ যারা ন্যূনতম তিন বছর প্রশিক্ষণ প্রদানের সঙ্গে সম্পৃক্ত তাঁরাও প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে পারবেন।
- (ঘ) আবেদনকারীর ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি এবং নীতিমালায় বর্ণিত অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং এর সপক্ষে প্রমাণাদি সংযোজন করতে হবে।
- (ঙ) আবেদনকারীগণের অভিজ্ঞতার ভিত্তিতে ক ও খ শ্রেণিতে প্রশিক্ষকের তালিকা প্রণয়ন করা হবে।
- (চ) একজন কর্মকর্তা নীতিমালায় সংযোজনী-৪ এ বর্ণিত অধিক্ষেত্র ও বিষয়ের মধ্য হতে সর্বোচ্চ তিনটি বিষয়ে প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন। তালিকার বাইরে কোন অধিক্ষেত্র/বিষয়ে বিশেষায়িত জ্ঞান ও পারদর্শিতা থাকলে সে বিষয়টিকেও তিনি আবেদনের তিনটি অধিক্ষেত্র/বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবেন।
- (ছ) কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনো বিভাগীয় বা দুর্নীতির মামলা চালু থাকলে কিংবা কোনো কর্মকর্তা বিভাগীয় বা ফৌজদারি মামলায় দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন না।
- (জ) বর্ণিত নীতিমালা ও আবেদনের ছক [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।
- (ঝ) বর্ণিত সকল তথ্যাদি সন্নিবেশ করে স্বয়ংসম্পূর্ণ আবেদন আগামী ২০/০২/২০২৩ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পৌঁছাতে হবে।
- (ঞ) প্রাপ্ত আবেদনসমূহ যথাযথ বাছাই প্রক্রিয়া অনুসরণ করে চূড়ান্ত করা হবে।



১৫-১-২০২৩

মোহাম্মদ নাছির উল্লাহ খান  
উপসচিব  
ফোন: ৫৫১০০৯১০  
ইমেইল: cp4@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল) (তঁার আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম (তঁার আওতাধীন সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৫) জেলা প্রশাসক (সকল) (জেলা পর্যায়ের সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল) (উপজেলা পর্যায়ে সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)